



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

## সংশোধনী

তথ্যবিবরণী

নম্বর-০৪৩

নভোথিয়েটার শিক্ষার্থীদের বিজ্ঞানমন্ত্র করে গড়ে তুলতে ভূমিকা রাখবে

---বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী

রাজশাহী; ০৭ ভাদ্র (২২ আগস্ট):

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী সুপতি ইয়াফেস ওসমান বলেছেন, রাজশাহী একটি শিক্ষানগরী। স্থানীয় এবং বিভিন্ন এলাকা থেকে আগত শিক্ষার্থীদেরকে বিজ্ঞানমন্ত্র করে গড়ে তুলতে ব্যাপক ভূমিকা রাখবে নভোথিয়েটার।

আজ মঙ্গলবার (২২ আগস্ট) বেলা সাড়ে এগারোটায় নগরীর চিড়িয়াখানায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের নির্মাণকাজ পরিদর্শনকালে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী বলেন, বাংলাদেশের যে পরিবর্তন হয়েছে প্রত্যেকটাই বিজ্ঞানের পথ ধরে। অর্থাৎ বিজ্ঞানের মাধ্যমে মানুষের জীবনের ব্যাপক পরিবর্তন হয়েছে। সৌভাগ্যক্রমে বিজ্ঞান মন্ত্রণালয় থেকে ডিজিটাল বাংলাদেশের যাত্রা শুরু হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

সুপতি ইয়াফেস ওসমান বলেন, এক সময় মানুষ ডিজিটাল বাংলাদেশ কী তা বুবাত না, সবাই ঠাট্টা করত। সেই ডিজিটাল বাংলাদেশ নিয়ে এখন আর কেউ ঠাট্টা করে না। কারণ- প্রথানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ভিশন-২০২১ ইতিমধ্যে বাস্তবায়িত হয়েছে। এখন বাংলাদেশ চতুর্থ শিল্পবিপ্লবের পথে।

তিনি বলেন, ঢাকার পরে বিভাগীয় শহরে এটিই প্রথম নভোথিয়েটার। রাজশাহী একটি শিক্ষানগরী এবং প্রকৃষ্ট জায়গা বলেই ঢাকার বাইরে আমরা রাজশাহীকে নভোথিয়েটার নির্মাণের স্থান নির্ধারণ করেছি। এখানে নভোথিয়েটার অত্যত প্রয়োজন- এটা আরও আগে হওয়া উচিত ছিল বলে উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, শিক্ষা কোনো ব্যবসার জায়গা নয়। নভোথিয়েটারের দায়িত্ব কোনো ব্যবসায়ীকে দেয়া হবে না। সার্বিক পরিবর্তনের জন্য শিক্ষা। শিক্ষার জন্য যদি ব্যয় করেন তবে ফেরত পাবেন অনেক বেশি। নভোথিয়েটারের মূল লক্ষ্য হলো আধুনিক মানুষ তৈরি করা। নভোথিয়েটার রাজশাহীর সম্পদ- এটা রক্ষণাবেক্ষণ আপনাদের দায়িত্ব।

রাজশাহীতে নভোথিয়েটার স্থাপনে রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এএইচএম খায়রজামান লিটনের অবদান অনেক বেশি বলেও তিনি উল্লেখ করেন।

এ সময় জেলা প্রশাসক শামীম আহমেদ, নভোথিয়েটার ও গণপূর্ত বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন সরকারি-বেসরকারি দণ্ডের কর্মকর্তা-কর্মচারী, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/সিকান্দার/রঞ্জল/হালিম/২০২৩/১৫.১০ ঘ.